

জনতা ব্যাংক লিমিটেড
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়
ঢাকা।

তথ্য বিজ্ঞপ্তি নং-২০৭/১৭

১৩ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ
তারিখ :-----
২৯ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোঃ শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।


বিষয় :- ৮৫ তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা জুন-২০১৭ এর ১ম ও ২য় পর্ব পাশের সম্মানীর অর্থ প্রদান
প্রসংগে।


মহোদয়,

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ তাদের ওয়েব সাইটের মাধ্যমে প্রাপ্ত ৮৫ তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা
পরীক্ষা জুন-২০১৭ এর ১ম ও ২য় পর্বে উত্তীর্ণ পরীক্ষার্থীদের তালিকা প্রকাশ করেছে যা অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলের
জ্ঞাতার্থে এতদসংগে সংযুক্ত করা হলো। এতদবিষয়ে নির্দেশ বিজ্ঞপ্তি নং-৩২৫২ তারিখ ০৪/১০/২০০০ এর মাধ্যমে
জারীকৃত সংশোধিত অর্পিত প্রশাসনিক ক্ষমতা-২০০০ এর ৪৭ ক্রমিকে ব্যাংকিং ডিপ্লোমা বা সমমানের পরীক্ষায় পাশের
সম্মানী সংক্রান্ত নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৮৫ তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা জুন-২০১৭ এর ১ম ও ২য় পর্বে উত্তীর্ণ প্রার্থীদের নিকট হতে পরীক্ষা
পাশের সাময়িক সনদপত্র গ্রহণ পূর্বক প্রধান কার্যালয় হতে ১১/০৮/৯৬ তারিখের তথ্য বিজ্ঞপ্তি নং-১৯৫৯ অনুযায়ী ১ম
পর্ব পাশের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ২য় পর্ব পাশের জন্য ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা ব্যয়
খাত সম্মানী ভাতা কোড নং-১২৫৪ ডেবিট করে প্রদান করতে হবে।

সম্মানী প্রদানের জন্য একটি রেজিষ্টার ব্যবহার করতে হবে। একই ব্যক্তি যাতে একই পরীক্ষার জন্য একাধিকবার সম্মানী
গ্রহণ না করতে পারেন উহার জন্য উক্ত রেজিষ্টারে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নাম, পিতার নাম, রোল নং, সদস্য নং,
পরীক্ষা পাশের সন, সম্মানীর পরিমাণ, সম্মানী প্রদানের তারিখ পত্র নম্বর ইত্যাদি লিপিবদ্ধ করে উহাতে সংশ্লিষ্ট
কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত ও প্রতি স্বাক্ষরিত ফটোকপি সংশ্লিষ্ট
কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান
কার্যালয়, ঢাকায় প্রেরণ করতে হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আনোয়ার হুসাইন)
উপ-মহাব্যবস্থাপক


(মোঃ সাজেদুর রহমান)
মহাব্যবস্থাপক